

বঙ্গবন্ধুকে ডি-লিট উপাধি দেবে ঢাবি

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

২ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ২ জুলাই ২০১৯ ০১:১৭



আমাদের মমতা

সাবেক ছাত্র বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সম্মানসূচক ডি-লিট (ডষ্টের অব লিটারেচার) ডিগ্রি দেবে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)। গতকাল বিশ্ববিদ্যালয়ের ৯৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মন চতুরে আয়োজিত অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক আখতারুজ্জামান এ ঘোষণা দেন। তিনি বলেন, ‘বঙ্গবন্ধু, বাংলাদেশ ও ঢাকা বিশ্ববিদ্যালয় একই সূত্রে গাঁথা। তাই আগামী ২০২০-২১ সালে সরকার ঘোষিত মুজিববর্ষ উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সম্মানসূচক ডি-লিট উপাধি দেওয়া হবে।’ এদিকে বাংলাদেশে গুণগত শিক্ষার মূল প্রতিবন্ধকতা হিসেবে বিদ্যমান তিন ধারার শিক্ষাব্যবস্থাকে দায়ী করেছেন ইমেরিটাস অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরী। গতকাল সকালে ছাত্র-শিক্ষক কেন্দ্রে (টিএসসি) ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাবার্ষিকীর এক আলোচনাসভায় তিনি এ কথা জানান। মূল প্রবন্ধে অধ্যাপক সিরাজুল ইসলাম বলেন, ‘তিন ধারার শিক্ষা দেশের মানুষকে এক্যবন্ধ করার বদলে উল্লেখ বিভক্ত করছে। মুক্তিযুদ্ধে আমাদের রাজনৈতিক বিজয় অর্জিত হয়েছে, কিন্তু মানুষের মুক্তি আসেনি। এর কারণ সামাজিক বিপ্লব না হওয়া। আর সেটি না হওয়ার অনেক কারণের একটি হলো। এই তিন ধারার শিক্ষা।’ গুণগত শিক্ষার প্রতিবন্ধকতা উত্তরণের জন্য এক ধারার শিক্ষাব্যবস্থা চালুর দাবি জানান তিনি। বিশ্ববিদ্যালয় দিবসের বর্ণাচ্য কর্মসূচির মধ্যে ছিল পতাকা উত্তোলন, পায়রা ওড়ানো, কেক কাটা, উদ্বোধনী সংগীত, শোভাযাত্রা, আলোচনাসভা, গবেষণা ও আবিষ্কারবিষয়ক প্রদর্শনী, সাইকেল র্যালি, প্রীতি ক্রিকেট ম্যাচ, শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতা প্রভৃতি। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে সাজানো হয় মনোরম সাজে। আলোকসজ্জা করা হয় বিভিন্ন ভবন ও হল।